ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ


# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



প্রাক্তনের মুখোমুখি শ্রদ্ধা

পৃঃ ৫



ডেভিস কাপে খেলবেন নাদাল

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৬৯ ● কলকাতা ● ১৫ আশ্বিন, ১৪৩১ ● বুধবার ● ০২ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## অভিযোগের পাহাড়!

## এবার বিরূপাক্ষ বিশ্বাসকে সাসপেন্ড করল আই এম এ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর জি কর কাণ্ডের তদন্তে নেমে সিবিআইয়ের স্ক্যানারে বিরূপাক্ষ বিশ্বাস। ইতিমধ্যে তাঁকে সাসপেন্ড করেছে স্বাস্থ্যদপ্তর, রাজ্য মেডিক্যাল কাউন্সিল। এবার একইপথে হাঁটল ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন। সিবিআই তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এই সাসপেনশন বহাল থাকবে। একের পর এক বিতর্কে নাম জড়ানো বিরূপাক্ষ বিশ্বাসের বিরুদ্ধে পদক্ষেপ করে স্বাস্থ্যদপ্তর। তাঁকে বদলি করে পাঠানো হয় কাকদ্বীপ হাসপাতালে। কিন্তু সন্দীপ-ঘনিষ্ঠ চিকিৎসককে হাসপাতালে কাজে যোগ দিতে বাধা দেন হাসপাতালের কর্মী, এলাকাবাসী। এসবের জেরে স্বাস্থ্যভবন উচ্চপর্যায়ের বৈঠক করে বিরূপাক্ষকে সাসপেনশনের সিদ্ধান্ত নেয়। স্বাস্থ্যভবন বিজ্ঞপ্তি দিয়ে জানায়, আপাতত বিরূপাক্ষ বিশ্বাসকে সাসপেন্ড করা হল। তিনি কোথাও কাজে যোগ দিতে পারবেন না পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত। এর মধ্যে তাঁকে সাসপেন্ড করল ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশন।চিঠিতে লেখা হয়েছে, 'বর্তমানে আপনি সিবিআই স্ক্যানারে রয়েছেন।ইতিমধ্যে স্বাস্থ্যদপ্তর আপনাকে সাসপেন্ড করেছে। রাজ্য মেডিক্যাল কাউন্সিল এবং সর্বভারতীয় মেডিক্যাল কাউন্সিলের রাজয় শাখাও সাসপেন্ড করেছে।" যতক্ষণ না সমস্ত অভিযোগ থেকে রেহাই পান ততদিন ইন্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনের কলকাতা শাখা থেকে সাসপেন্ড থাকবেন চিকিৎসক বিরূপাক্ষ বিশ্বাস।

আর জি কর ঘটনার আবহে ভাইরাল 'হুমকি'র অডিওকে

এরপর ৩ পাতায়

## হস্তক্ষেপ নয়, মধ্যস্থতা, মুখ্যমন্ত্রীর দেখানো পথেই

## পাহাড়ে জট কাটলো বোনাস সমস্যার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দেখানো পথেই কাটল জট। ১৩ শতাংশ নয়, ২০ শতাংশও নয়। ১৬ শতাংশ হারে এবার পুজোর বোনাস পাবেন পাহাড়ের চা-বাগানের শ্রমিকেরা । আগামী ৪ অক্টোবরের মধ্যে সেই অর্থ তাঁদের হাতে তুলে দিতে হবে বলে নির্দেশ দেওয়া হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে।জানিয়েছিলেন, 'কোথাও কোনও বনধ হচ্ছে না। বাংলায় বনধ হয় না। আমরা কোনও বনধ সমর্থন করি না। এটা রাজনৈতিকভাবে অশান্তি করার চেষ্টা। তরাই-ডুয়ার্সের কেউ কেউ রাজনৈতিকভাবে পাহাড়কে অশান্ত করার চেষ্টা চালাচ্ছে। আর বোনাসের বিষয়টা লেবার কমিশন দেখছে, ওরা যা সিদ্ধান্ত নেওয়ার নেবে। আমরা হস্তক্ষেপ করব না। তরাই-ডুয়ার্সে বোনাস হয়ে গিয়েছে। শুধুমাত্র পাহাড়ের ক্ষেত্রেই সমস্যা তৈরি করছে একটি রাজনৈতিক দল। ত্রিপাক্ষিক বৈঠক চলছে। আশা করি সেখানে সমাধান বেরিয়ে আসবে। সরকার কোনও ভাবে হস্তক্ষেপ করবে না।' দেখা গেল মুখ্যমন্ত্রীর সেই আশ্বাসের পরে পরেই রাজ্যের শ্রম দফতর দুই পক্ষকেই টেবিলে টেনে আনে আলোচনার জন্য। আর তাতেই কাটে জট। ঠিক করে দেওয়া হয় যে, ২০২৩-২৪ অর্থবর্ষ অনুযায়ী যার যা প্রাপ্য, সেই হারে সকলকে বোনাস দিতে হবে। এছাড়া শ্রমিকদের আরও যা যা দাবি ছিল, সেসবও এদিনের লেবার কমিশনের বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।লেবার কমিশনের তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, ১৬ শতাংশ হারে এবার পুজোর বোনাস পাবেন শ্রমিকরা। এই ঘোষণায় হাসি ফুটেছে চা শ্রমিকদের মুখে। সব থেকে বড় কথা, মুখ্যমন্ত্রী বলেছিলেন বোনাসের এই সমস্যা নিয়ে রাজ্য সরকার কোনও হস্তক্ষেপ করবে না। করেওনি। তবে মধ্যস্থতা অবশ্যই করেছে। আলোচনার মাধ্যমেই খুলেছে জট। এর ফলে পাহাড়ের চা-বাগানের লক্ষাধিক শ্রমিক উপকৃত হতে চলেছেন।পাহাড়ের চা-বাগানের শ্রমিকেরা এবার দাবি তুলেছিলেন তাঁদের ২০ শতাংশ হারে বোনাস দিতে হবে। অন্যদিকে ১৩ শতাংশ


এরপর ৩ পাতায়

## হাসিনার পুত্র- কন্যার

## ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চাপ বাড়ল বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছেলে সজীব ওয়াজেদ জয় ও তার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুলের। এবার হাসিনার পুত্র এবং কন্যার ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করল বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)। ইতিমধ্যেই এই বিষয়টি নিশ্চিত করেছেন বিএফআইইউ'র একজন ঊর্ধ্বতন কর্মকর্তা।জানা গিয়েছে, শুধু ব্যাঙ্ক অ্যাকাউন্ট নয় হাসিনার পুত্র এবং কন্যার হিসাব সংশ্লিষ্ট দলিল যেমন যেমন হিসাব খোলার ফরম, কেওয়াইসি ও লেনদেন বিবরণী ইত্যাদি তথ্য বিএফআইইউতে পাঠাতে হবে। বলা বাহুল্য, হাসিনার আমলে ছেলে সজীব ওয়াজেদ জয় প্রধানমন্ত্রীর অবৈতনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা ছিলেন। আর মেয়ে পুতুল ২০২৩ সালের ১ নভেম্বর থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার আঞ্চলিক পরিচালক হিসাবে দায়িত্ব পালন করে থাকেন। এবার বাংলাদেশ থেকে হাসিনা গদিচ্যুত হতেই জয় এবং পুতুলের ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করল বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের তরফে জানান হয়েছে, সজীব ওয়াজেদ জয় ও সায়মা ওয়াজেদ পুতুলের ব্যক্তিগত ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের সমস্ত ব্যাঙ্ক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করা হয়েছে। আগামী ৩০ দিন তারা কোন লেনদেন করতে পারবে না। শুধু তাই নয় প্রয়োজন মনে হলে লেনদেন স্থগিতের সময় আরও বাড়তে পারে।






## ইজরায়েলেরপদক্ষেপ দেখে বিশেষত

# প্রযুক্তি আমদানির ক্ষেত্রে ভারতের সতর্ক থাকা উচিত -- সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদী



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** ভারতের সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদী একটি সম্মেলনে এসে বলেন হেজবোল্লাকে নির্মূল করতে 'মাস্টারপ্ল্যান' ছকেছে ইজরায়েল।

লেবাননে পেজার বিস্ফোরণের পরে শোনা গিয়েছিল বিশেষ শেল কোম্পানি তৈরি করে হেজবোল্লার ব্যবহৃত ওয়াকিটকিতে বিস্ফোরক ভরেছিল ইজরাইলের গোয়েন্দা সংস্থা মোসাদ। এই পরিকল্পনাকে দীর্ঘদিনব্যাপী সাধুবাদ জানিয়েছেন ভারতের সেনাপ্রধান।

পেজার বিস্ফোরণে সে দেশে ৪০ জনের মৃত্যু হয়েছে। তারপরেই কার্যতো ভেঙে পড়ে লেবাননের জঙ্গিগোষ্ঠী হেজবোল্লার সামগ্রিক যোগাযোগ ব্যবস্থা। রেডিও ফ্রিকোয়েন্সির মাধ্যমে মেসেজ পাঠানোর ছোট্ট যন্ত্র পেজার। মূলত ইজরায়েলের গুপ্তচর সংস্থা মুসাদের হাত থেকে বাঁচতে হেজবোল্লা নেতা হাসান নাসরুল্লাহ নির্দেশ দিয়েছিলেন মোবাইল ব্যবহারের ফলে দলের গতিবিধির ট্র্যাক করতে পারে মোসাদ। তাই পেজার ব্যবহারের নির্দেশ দেওয়া হয়। হেজবোল্লার এই পদক্ষেপের পর পাল্টা নতুন পরিকল্পনার ছক করে ফেলে মোসাদ। মার্কিন সংবাদপত্র নিউইয়র্ক টাইমসের মতে পেজারকে টার্গেট করতে নাসরুল্লার নির্দেশের আগেই শেল কোম্পানির তৈরি করে ইজরায়েল। হেজবোল্লার তরফে অর্ডার আসতেই তাদের জন্য তৈরি হয় বিশেষ পেজার। যার ব্যাটারীতে ঢোকানো ছিল মাত্র ৩ গ্রাম বিস্ফোরক।

এই গোটা পরিকল্পনার ভুয়োসি প্রশংসা করেছেন ভারতের সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদী। তিনি বলেছেন " ইজরায়েল একেবারে অন্যভাবে কাজ করেছে। প্রথমে ওরা ভেবেছিল যে হামাসই সবচেয়ে বড় সমস্যা। তাই হামাসক আগে নিকেশ করে তারপর হেজবোল্লা দমনে এগিয়েছে তেল আতিভ। যেভাবে পেজারের জন্য শেল কোম্পানি তৈরি করেছে সেটাকে মাস্টারস্ট্রোক বলাই যায় "। সেনাপ্রধানের মতে হামলা শুরুর দিনে মোটেই যুদ্ধ শুরু হয় না বরং যেদিন থেকে হামলার পরিকল্পনা হয় সেটাই যুদ্ধ শুরুর প্রথম দিন। একই সঙ্গে তিনি হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ইজরায়েলের এই পদক্ষেপ দেখে বিশেষত প্রযুক্তি আমদানির ক্ষেত্রে ভারতের সতর্ক থাকা উচিত।

## জামিনের আর্জি নিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ পার্থ চট্টোপাধ্যায়



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** জামিনের আর্জি নিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলেন পার্থ চট্টোপাধ্যায়। অনুব্রত মণ্ডল সহ অনেকেই জামিন পেয়েছেন কিন্তু পার্থ চট্টোপাধ্যায় এখনো জেল থেকে মুক্তি পাননি। আবার সিবিআই ও তাঁকে গ্রেপ্তারের তোড়জোড় করছে। এই পরিস্থিতিতে সুপ্রিম কোর্টের দারস্ত হয়েছেন পার্থ চট্টোপাধ্যায়। পার্থ চট্টোপাধ্যায়ের জামিনের আর্জি নিয়ে শীর্ষ আদালতের সব পক্ষকে নোটিশ জারি করা হয়েছে। যদিও এতদিন জেলে থাকার পরেও তেমন কোন অভিযোগের প্রমাণ ইডি এখনো পায়নি। এমনই দাবি করেছেন পার্থ চট্টোপাধ্যায়ের আইনজীবী। জামিনের আবেদনের ভিত্তিতে সুপ্রিমকোর্ট নিম্ন আদালতকে গুরুত্বপূর্ণ নির্দেশ দিয়েছে। নোটিশ জারি করে বলা হয়েছে পার্থর জামিনের মামলা নিম্ন আদালতকে দ্রুততার সঙ্গে শুনতে হবে। গত ১৩ ই সেপ্টেম্বর সুপ্রিম কোর্টে জামিনের আবেদন করেছিলেন পার্থ চট্টোপাধ্যায়। পার্থ চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে যে অভিযোগ রয়েছে তাতে সর্বোচ্চ সাত বছর সাজা হতে পারে কিন্তু কোন অভিযোগ প্রমাণ না হওয়ার আগেই তিনি দু'বছর জেলে রয়েছেন তাই তাকে দ্রুত জামিন দেওয়া হোক। এই আর্জির পরিপ্রেক্ষিতেই বিচারপতি সূর্যকান্ত এবং উজ্জ্বল ভুয়ানের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন নিম্ন আদালতকে নিয়মিত দ্রুত এই মামলা শুনতে হবে শীর্ষ আদালতে এই মামলার পরবর্তী শুনানি দশ দিন পর।

## আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক উন্মোচন করলো অশ্ব,

# একটি প্রিমিয়াম মেটাল ক্রেডিট কার্ড যা আধুনিক জীবনধারার সাথে ঐতিহ্যগত মূল্যবোধকে মিশ্রিত করে

**কলকাতা, ২০২৪: নিউজ সারাদিন :** আইডিএফসি ফার্স্ট ব্যাংক, একটি নেতৃস্থানীয় উদ্ভাবনী আর্থিক সমাধান, তাদের আধুনিক ও বিচক্ষণ গ্রাহকদের জন্য অশ্ব ক্রেডিট কার্ড চালু করার ঘোষণা করেছে । ভিসা দ্বারা চালিত,অশ্ব ক্রেডিট কার্ড, নতুন ভারতের চেতনা এবং আকাঙ্ক্ষার উদযাপন। সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের মধ্যে নিহিত, কার্ডটি আধুনিক জীবনধারার পরিশীলিততার সাথে ভারতীয় ঐতিহ্যের সারাংশকে সুন্দরভাবে একত্রিত করে। এটি তাদের জন্য ডিজাইন করা হয়েছে যারা ভারতকে তাদের হৃদয়ের কাছে ধরে রাখে এবং তারা যেখানেই যায় তাদের সাথে ভারতের চেতনা বহন করে।

সর্বোত্তম মেটাল থেকে তৈরি, অশ্ব ক্রেডিট কার্ড একটি মেটাল ডিসাইন মসৃণ পরিশীলিততার সাথে ভারতীয় ঐতিহ্যের কমনীয়তাকে একত্রিত করে। কম ফরেক্স চার্জ এবং এয়ারপোর্ট লাউঞ্জে কমপ্লিমেন্টারি অ্যাক্সেসের মতো লাক্সারি ট্রাভেল সুবিধায় পরিপূর্ণ, এটি ধনী তরুণ অভিযাত্রীদের জন্য একটি অপরিহার্য সঙ্গী হয়ে ওঠে।

**অশ্ব ক্রেডিট কার্ডের মূল বৈশিষ্ট্য:**

• ব্যতিক্রমীভাবে কম ফরেক্স চার্জ - বৈদেশিক মুদ্রা লেনদেনে ১% ফি

• পুরস্কারের উচ্চ স্তর: একটি স্টেটমেন্ট সাইকেলে এবং আপনার জন্মদিনে ২০,০০০ টাকার বেশি খরচ করলে ১০ গুণ পুরস্কার পয়েন্ট

• উন্নত এয়ারপোর্টে লাউঞ্জ সুবিধা - প্রতি ক্যালেন্ডার ত্রৈমাসিকে চারটি ঘরোয়া লাউঞ্জ/স্পা এবং ২টি আন্তর্জাতিক লাউঞ্জ পরিদর্শন করে

• ট্রিপ ক্যান্সল্যাশন কভার - একটি ক্যালেন্ডার বছরে ফ্লাইট এবং হোটেল ক্যান্সেলেশনের একটি নন- রেফান্ডেবল অংশের ২৫,০০০ টাকা পর্যন্ত পরিশোধ করুন।

• মুভির আনন্দ - বুকমাইশো এর মাধ্যমে মাসে দুবার দ্বিতীয় টিকিটে বায়ি ওয়ান গেট ওয়ান ফ্রি অফারে ৪০০ টাকার ছাড়

• সারা বছর গলফ সুবিধা - এক বছরে ২৪ রাউন্ড/ লেসন্স পর্যন্ত

**মেটাল ক্রেডিট কার্ডের আপিল**

একটি সাম্প্রতিক স্বাধীন সমীক্ষায় দেখা গেছে যে গ্রাহকরা প্রথাগত প্লাস্টিক কার্ডের তুলনায় মেটাল বৈকল্পিক ক্রেডিট কার্ডগুলিকে বেশি পছন্দ করে। সমীক্ষাটি প্রকাশ করেছে যে ৭০% গ্রাহক দাবি করেন যে তারা তাদের ওয়ালেটে অন্যান্য কার্ডের তুলনায় একটি মেটাল কার্ড বেশি ব্যবহার করবেন, যখন ৮০% ধনী গ্রাহক একই সুবিধা সহ একটি প্লাস্টিকের কার্ডের চেয়ে একটি মেটাল কার্ড পছন্দ করেন।

## গুলি বিদ্ধ হয় আহত হন অভিনেতা গোবিন্দ



**বেবি চক্রবর্ত্তী : কলকাতা: নিউজ সারাদিন :** গুলিবিদ্ধ অভিনেতা গোবিন্দ। মঙ্গলবার সাত সকালেই লাগল গুলি। বেরোচ্ছিলেন শুটিংয়ে। সেই সময়ই এই ঘটনা। ভোর তখন ৫ টা। সূত্রের খবর, নিজের কাছেই বন্দুক রাখতেন অভিনেতা। কাজে বেরোনোর সময় কোনওভাবে 'ভুলক্রমে' বন্দুক থেকে গুলি বের হয়ে যায়। নিজের বন্দুকের গুলি সোজা এসে লাগে তাঁর পায়েইগুলিবিদ্ধ হয়ে যন্ত্রণায় লুটিয়ে পড়েন তিনি। অভিনেতা গোবিন্দকে সঙ্গে সঙ্গে নিয়ে যাওয়া হয় হাসপাতালে। জানা যাচ্ছে, এখন অভিনেতার পা থেকে গলগল করে রক্ত বের হয়। শরীর থেকে অনেকটা রক্ত বের হয়ে যাওয়ায় বেশ অসুস্থ তিনি। ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ। বন্দুকটিকে বাজেয়াপ্ত করা হয়েছে।অভিনেতার পা থেকে গুলি বার করা হয়েছে। আপাতত তিনি বিপদমুক্ত। আজ সকালে কলকাতা আসার জন্য তৈরি হচ্ছিলেন তিনি। তখনই ঘটে এই বিপত্তি, দাবি ম্যানেজারের। গোবিন্দর যখন গুলি লাগে, তখন তাঁর স্ত্রী সুনিতা বাড়িতে ছিলেন না। গুলিবিদ্ধ হওয়ার পর, অভিনেতা প্রথম ডেকেছিলেন তাঁর ভাই কীর্তি কুমারকে। ভাই তড়িঘড়ি করে তাঁর বাড়িতে পৌঁছে যান। তিন-চারজন মিলে গোবিন্দকে হাসপাতালে ভর্তি করানোর ব্যবস্থা করেন।কীর্তি কুমার সংবাদ মাধ্যমকে বলেন 'অপারেশনের পর গোবিন্দ এখন ভাল আছেন, তাঁর পরিবারের কয়েকজন সদস্য বর্তমানে হাসপাতালে রয়েছেন। গোবিন্দর মেয়ে টিনা আহুজা ফোনে সংবাদ মাধ্যমকে জানান,বর্তমানে আমি আমার বাবার সঙ্গে আইসিইউতে আছি। এখন বেশি কথা বলতে পারছি না। তবে বলে রাখি বাবার স্বাস্থ্য আগের থেকে অনেক ভাল। অপারেশন করা হয় এবং অপারেশন সফল হয়েছে।









## বর্ধমান চতুষ্পাঠী টোলে দুর্গাপুজোর প্রশিক্ষণে

# শংসাপত্র পেয়ে স্বপন দত্ত বাউল সম্মানিত




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সম্প্রতি নতুনগঞ্জ পূব বর্ধমান বিজয় চতুষ্পাঠী টোলে দুর্গা পূজার প্রশিক্ষণ শিবির ২০২৪ কর্মশালা অনুষ্ঠিত হয়ে গেল সাড়ম্বরে। ২০ সেপ্টেম্বর থেকে ২৯ সেপ্টেম্বর পর্যন্ত দশ দিন ধরে এই প্রশিক্ষণ শিবির চলে । বিভিন্ন জায়গা থেকে প্রায় পাঁচ শত পুরোহিত ব্রাম্ভন দুর্গাপুজো প্রশিক্ষণ কর্মশালায় অংশ গ্রহণ করেন। বয়স্ক পুরোহিতদের সংবর্ধনা ও শিক্ষার্থী দেরও শংসাপত্র দেওয়া হয়। পূর্ব বর্ধমানের স্বপন দত্ত বাউল মহারাজ দীর্ঘদিন ধরে তারা মায়ের সাধনা করে চলেছেন । এমনকি পূর্ব বর্ধমানের বড় গুপীনাথপুরে পঞ্চমুন্ডি আসনে উপবিষ্ট দক্ষিণা কালী মায়ের হাত থেকে স্বপন দত্ত বাউল মহারাজের মাথায় পইতে ফেলে দক্ষিণা কালী মা আশির্বাদ দেন। সেই থেকেই টোলের পন্ডিতের কাছে পুজো পাঠ শিখে পুজো পাঠ করেন নিজের মতন করে। এবারে চতুষ্পাঠী টোলে দুর্গাপুজো প্রশিক্ষণ কর্মশালায় অংশ গ্রহণ করে পুজো পাঠ শিক্ষা নেওয়ার সুযোগ এলো। সেই সুযোগ পেয়ে দুর্গাপুজোর প্রশিক্ষণ নিয়ে স্বপন দত্ত বাউল শংসাপত্র পেয়ে সম্মানিত হলেন। এ প্রসঙ্গে স্বপন দত্ত বাউল বলেন এখানে উপস্থিত শিক্ষার্থীর মধ্যে আমিই একমাএ যে আমি ব্রাম্ভন নই তবুও পূজো পাঠ প্রশিক্ষণ নিয়েছি । আমার আধ্যাত্বিক চেতনা সমাজ সচেতনের মনভাব সকল পন্ডিত শিক্ষকদের আকৃষ্ট করেছিল। ওনারা আমাকে যত্ন সহকারে শাস্ত্র মতে পুজো পাঠ হোম যজ্ঞ শিখিয়ে শংসাপত্র দিয়ে সম্মানিত করেছেন। টোলে শাস্ত্র মতে পুজো পাঠ শিখে আমি যে শংসাপত্র সম্মান পেলাম এই সম্মান আমি মাথায় তুলে নিলাম। অনেকদিনের ইচ্ছা ছিলো টোলে একটু পুজো পাঠ শিখব করুণাময় ঈশ্বর আমার সেই ইচ্ছাও পূরণ করলেন। মনে সৎ ইচ্ছা ও চিন্তা ভাবনা ভক্তি শ্রদ্ধা থাকলে ঈশ্বর তা পূরণ করেন । বর্ধমানের বিজয় চতুষ্পাঠী টোলের পন্ডিত শিক্ষকরা খুবই সুন্দর করে বুঝিয়ে শিক্ষা দেন। নিখিল বঙ্গ সংস্কৃতি সেবা সমিতির সভাপতি পন্ডিত ও শিক্ষক শ্রী তাপস কুমার চট্টোপাধ্যায় এবং সম্পাদক পন্ডিত ও শিক্ষক ড: দেবাশিষ মুখোপাধ্যায় ছাড়াও অন্যান্য পন্ডিত পদে থাকা টোলের শিক্ষক সকলেরই মহতী প্রচেষ্টায় সুশিক্ষায় এই দুর্গা পূজার প্রশিক্ষণ কর্মশালা আনন্দ মূখর হয়ে ওঠে।

১-ম পাতার পর

## অভিযোগের পাহাড়!

# এবার বিরূপাক্ষ বিশ্বাসকে সাসপেন্ড করল আই এম এ

কেন্দ্র করে চর্চায় এসেছিলেন বর্ধমান মেডিক্যালের প্যাথোলজি বিভাগের সিনিয়র রেসিডেন্ট চিকিৎসক বিরূপাক্ষ বিশ্বাস। শোনা যাচ্ছিল, ৯ আগস্ট সকালে অর্থাৎ তরুণী চিকিৎসকের দেহ উদ্ধারের দিন নাকি আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতালের সেমিনার হলে উপস্থিত ছিলেন বিরূপাক্ষ। এর পর তাঁর বিরুদ্ধে একের পর এক চাঞ্চল্যকর তথ্য উঠে আসে। শোনা যায়, বর্ধমান মেডিক্যাল কলেজে নাকি চলত তাঁর 'দাদাগিরি', 'থ্রেট কালচার'।

১-ম পাতার পর

# হস্তক্ষেপ নয়, মধ্যস্থতা, মুখ্যমন্ত্রীর দেখানো পথেই পাহাড়ে জট কাটলো বোনাস সমস্যার

হারেই পুজোর বোনাস দেওয়ার ক্ষেত্রে অনড় মনোভাব নিয়েছিল চা-বাগানের মালিকেরা। সেই দুইয়ের টানাটানির জেরে পাহাড়ে অস্বস্তিকর পরিবেশ তৈরি হয়। সোমবার হুট করে ১২ ঘন্টা বনধের ডাক দিয়ে বসে চা-শ্রমিকদের সংগঠনগুলি। যদিও চা-বাগানের বাইরে সেই বনধের সেভাবে কোনও প্রভাব পড়েনি। তবে ওই বনধের জেরে সব থেকে বেশি ভোগান্তির মুখে পড়েন পর্যটকেরা। ঘটনাচক্রে গতকাল সকালের দিকে উত্তরবঙ্গেই ছিলেন মুখ্যমন্ত্রী। সেখান থেকে কলকাতায় ফেরার পথে বাগডোগরা বিমানবন্দরে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী বনধ নিয়ে তাঁর ক্ষোভ উগরে দিয়েছিলেন। সেই সঙ্গে অবশ্য দ্রুত সমস্যা সমাধানের আশ্বাসও দিয়েছিলেন।

# শিক্ষাবিদ দের বরণ করে বিদ্যাসাগর স্মারক সম্মান পদক দিয়ে সম্মান জানানো হয়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতি, কলকাতা জেলা সম্প্রতি পন্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ২০৫ তম জন্মদিন পালন করলো সমিতির নিজস্ব সন্তোষ মুখোপাধ্যায় স্মৃতি ভবন, ১ নম্বর রমানাথ নাথ মজুমদার স্ট্রীট এ। সভায় বিভিন্ন জেলার কিছু বর্ষিয়ান শিক্ষক শিক্ষিকা, শিক্ষাবিদ দের বরণ করে বিদ্যাসাগর স্মারক সম্মান পদক দিয়ে সম্মান জানানো হয়। সভায় পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির রাজ্য সমিতির সভাপতি গোলাম মোস্তফা সরকার। অনুষ্ঠানে ৩৫ জন কলকাতার বিভিন্ন স্কুলের শিক্ষক শিক্ষার্থী ও শিক্ষা কর্মী উপস্থিত ছিলেন এবং রাজ্যস্তরের এবং জেলা স্তরের নেতৃত্ব মিলে মোট ৫৫ জন উপস্থিত ছিলেন সর্বশেষে কলকাতা জেলা কমিটি ঘোষণা করা হয় সবাই সেটা সম্মতি জানান ,সভাপতি ডঃ পূর্ণেন্দু পাল, সম্পাদক কৃষ্ণেন্দু জানা, এবং কোষাধক্ষ দীপশ্রী পাল,বিবেকানন্দ মুখোপাধ্যায় সহ আরো বিশিষ্ট কয়েকজন উপস্থিত ছিলেন। সমিতির ৭৫ বছরের সংগ্রামী ইতিহাস নিয়ে বিভিন্ন বক্তা বক্তব্য উপস্থিত করেন।

বিদ্যাসাগর সম্মান স্মারক দেওয়া হয় ব্যারাকপুর লাটভবন হাই স্কুলের অবসর প্রাপ্ত শিক্ষিকা নিবেদিতা গঙ্গোপাধ্যায়,বেলেঘাটা কালিকমলা হাই স্কুলের প্রধান শিক্ষিকা রুমা সরকার, সাউথ পয়েন্ট হাই স্কুলের শিক্ষিকা জয়তী পাত্র, কসবা জগদীশ বিদ্যাপীঠ উঃ মা বিদ্যালয় এর শিক্ষিকা সোমা মাইতি ঘোষ, বালিগঞ্জ শিক্ষা সদনের অবসর প্রাপ্ত শিক্ষিকা দীপান্বিতা সেন, শরৎ চন্দ্র সুর হাই স্কুলের শিক্ষক সঞ্জয় আচার্য্য, কাশিপুর হাই স্কুলের শিক্ষক তরুণ মন্ডল, লেক স্কুলস ফর গার্লস এর অবসর প্রাপ্ত বর্তমানে অ্যাডভোকেট রাজ্যশ্রী মুখোপাধ্যায়, দ :২৪ পরগনার প্রাক্তন প্রধান শিক্ষক রীতেন্দ্র নারায়ণ রায়,কে পি সি মেডিকেল কলেজের ডাক্তার কুনাল মজুমদার এবং কলকাতা হাই কোর্টের অ্যাডভোকেট ভাস্বতী ভট্টাচার্য্য কে। সভায় সাংস্কৃতিক অনুষ্ঠানে উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করেন শিক্ষিকা নিবেদিতা চট্টোপাধ্যায়, আবৃত্তি পরিবেশন করেন ছাত্রী সুস্মৃতি প্রামানিক, স্বরচিত কবিতা পাঠ করেন দ :২৪ পরগনা র প্রাক্তন প্রধান শিক্ষক রিতেন্দ্র নারায়ণ রায় ও বালিগঞ্জ শিক্ষা সদনের অবসর প্রাপ্ত শিক্ষিকা দীপান্বিতা সেন।

পরিশেষে কলকাতা জেলা পশ্চিমবঙ্গ শিক্ষক সমিতির যুগ্ম আহ্বায়ক ড :পূর্ণেন্দু পাল ও কৃষ্ণেন্দু জানা উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠান শেষ করেন।

# জাতির জনক গান্ধীজি কে স্মরণ করে উন্নত ভারত শীর্ষনাম নিয়ে অনুষ্ঠান

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ইন্দিরা গান্ধী ন্যাশনাল ওপেন ইউনিভার্সিটি কলকাতা এ রিজিওনাল সেন্টারে ১লা অক্টোবর ২০২৪ পালন করলো আজ জাতির জনক গান্ধীজি কে স্মরণ করে উন্নত ভারত শীর্ষনাম নিয়ে অনুষ্ঠান।



এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য পরিবেশ সচেতনতা, স্বাস্থ্য সুরক্ষা, প্লাস্টিক বর্জন, রোগ জ্বালা নিয়ন্ত্রণ ও এলাকা পরিস্করণ।

ইতিপূর্বেই Ignou উত্তর ২৪ পরগনা র পঞ্চায়েত এলাকার তিনটি গ্রাম সিউলি ১/শিউলি ২/শিউলি ৩ নিয়ে নানান সামাজিক কর্মসূচি র মধ্যে বাল্য বিবাহ রোধ, হাতে কলমে নিজের পায়ে দাঁড়ানোর শিক্ষা, কর্মমুখী ক্লাম্পিউটার প্রশিক্ষণ, কমিউনিকেটিং স্কিল ডেভেলপমেন্ট শিক্ষা প্রভৃতি র ব্যবস্থা করে নারীর অধিকার প্রতিষ্ঠা করতে এলাকার পঞ্চায়েত এর সহযোগিতা য় নিয়মিত প্রশিক্ষণ এর ব্যবস্থা করেছে।

আজ ঠিক সেই রকমই শিউলি পঞ্চায়েত এর অধীনে শিউলি বালিকা বিদ্যালয় (উঃ মা )এর একাদশ /দ্বাদশ শ্রেণীর ২৫ জন ছাত্রীকে উন্নত ভারত গঠনে তাঁদের ভূমিকা কি হবে তা সবিস্তারে মহাত্মা গান্ধীর জন্মদিন স্মরণে জানানো হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রীমতি রত্না দত্ত মহাশয়াকে সভাপতি করে উপস্থিত অতিথি রা বিভিন্ন বিষয়ে বক্তব্য রাখেন। ওমহড়ঁ র পক্ষে প্রভাষ দত্ত রমহড়ঁ র পঠন পাঠন, বংশীবদন চট্টোপাধ্যায় পরিবেশ সচেতনতা, সূর্যেন্দু বিকাশ পাত্র স্বাস্থ্য সচেতনতা বিষয়ক বক্তব্য রেখে শিক্ষার্থী দের উৎসাহিত করেন। পুরো আলোচনা অডিও ভিজ্যুয়াল মোডেও উপস্থাপিত হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ignou এই প্রচেষ্টা কে সাধুবাদ জানিয়ে স্কুলের ছাত্রীদের জন্য ignour কিছু পাঠক্রম বিদ্যালয়ে চালু করার ইচ্ছে প্রকাশ করে অনুষ্ঠান সমাপ্ত করেন।

# খুনের ঘটনায় যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ আদালতের




**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন** : ঝাড়গ্রামে বোন কে খুনের ঘটনায় ১৩ মাসের মধ্যে দুই অভিযুক্ত দাদা ও বৌদিকে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল আদালত। ঝাড়গ্রামে নৃশংসভাবে বোন কে খুনের ঘটনায় ১৩ মাসের মধ্যে দুই অভিযুক্ত দাদা ও বৌদি কে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল ঝাড়গ্রাম জেলা আদালত। গত ২০২৩ সালের ২৫ সে আগস্ট ঝাড়গ্রাম জেলার বেলিয়াবেড়া থানার অন্তর্গত কানপুর গ্রামে বোন পুতুল নায়েকের বাড়ি আসেন লক্ষ্মী নায়েক। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে পরের দিন ভোরে বোনের গলাকাটা মৃতদেহ বাড়ির পাশেই দেখতে পান লক্ষী নায়েক। পূর্বের কিছু ঘটনার সূত্রতায় লক্ষীর সন্দেহ হয় তারই সৎ ভাই অনিল এবং অনিলের স্ত্রীর ওপর। ঘটনার পরদিন মৃত পুতুলের দিদি লক্ষ্মী নায়েকের লিখিত অভিযোগের ভিত্তিতে ঝাড়গ্রামের বেলিয়াবেড়া থানায় পুলিশ তদন্ত শুরু করে। পুলিশ সূত্রে খবর, ঘটনাটি ঘটেছিল ভোর রাতে, স্বভাবতই প্রত্যক্ষদর্শীর অভাবে কেসের জটিলতা বাড়িয়ে তোলে। কিন্তু নিখুঁত তদন্ত ও উপযুক্ত সাক্ষ্য প্রমাণে অপরাধীদের শনাক্ত করা হয়। জানা যায় সম্পত্তির লোভে নিজের বোনকে গলা কেটে খুন করে সৎ ভাই অনিল নায়েক। তার এই ঘৃণ্য কাজে সঙ্গী ছিল তার স্ত্রী। তদন্ত শেষ করে দ্রুত চার্জশিট জমা দেওয়া হয়। মোট ১২ জন আদালতে গিয়ে সাক্ষ্য প্রদান করেন। সমস্ত সাক্ষ্য প্রমানের ওপর ভিত্তি করে অভিযুক্ত অনিল নায়েক ও তার স্ত্রী পুতুল নায়েককে সোমবার দোষী সাব্যস্ত করে ঝাড়গ্রাম জেলা আদালত এর ভারপ্রাপ্ত বিচারক। মঙ্গলবার ঝাড়গ্রাম জেলা আদালতে দুই পক্ষের আইনজীবীদের ও অভিযুক্ত দের উপস্থিতিতে সাজা ঘোষণা করেন ঝাড়গ্রাম জেলা আদালতের ভারপ্রাপ্ত বিচারক। বোনকে খুনের ঘটনায় অভিযুক্ত অনিল নায়েক কে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দেন।

# মহালয়া মানেই দুর্গা পুজোর দিন গোনা শুরু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : মহালয়া মানেই দুর্গা পুজোর দিন গোনা শুরু হয়ে যাওয়া। বর্তমানে অবশ্য মহালয়া থেকেই পুজোর শুরু হয়ে যাওয়া। ২০২০ সালে মহালয়া একমাস পরে দেবী দূর্গা মায়ের আগমন হয় ।তৎকালীন সময়ের বৃদ্ধ-বৃদ্ধা তারা এই নীতিটা এমন দিন আসবে ভাবতে পারেনি ।আজকের দিনের বৃদ্ধ-বৃদ্ধারা অবাক হচ্ছেন, অবাক হয়ে যাচ্ছে ,যে কারণে ঠিক এক মাস পর দুর্গাপুজো এটা সপ্নে ভাবতে পারেনি বৃদ্ধ-বৃদ্ধারা। তাদের মধ্যে কানাঘুষো গুঞ্জন রটেছে কি কি দিন এলো রে বাপু ,সেই কারণে কি আজ এই করোনাভাইরাস এ মানুষ বিপদগ্রস্ত। ভগবান কাউকে ক্ষমা করছে না, এ নিয়ে কুসংস্কারের কল্পনা জল্পনা শুরু হয়েছে গ্রামগঞ্জে,

মহালয়ার দিনটি বিশেষ গুরুত্বপূর্ণ। মহালয়া কথাটির বিশেষ অর্থ রয়েছে। ও মহল আর একমাস পরে দুর্গা পুজো হচ্ছে, এজে কেমন দিন পৃথিবীকে ধ্বংস ইঙ্গিত দিচ্ছে! কল্পনা জল্পনা যাই থাকুক না কেন এবছরের সত্যি মহালয়ার ঠিক এক মাস পরে দেবী দুর্গার আগমন। পিতৃপক্ষের অবসান বা দেবীপক্ষের পূর্ববর্তী অবস্হাকে বলা হয় মহালয়া। এই ব্যাপারে অবশ্য মতান্তর রয়েছে মহ শব্দটির অর্থ মানে পূজা, আবার মহ বলতে উৎসব ও বোঝায়। এছাড়া মহালয়া বলতে বোঝা যায় মহান ও আলয় নিয়ে মহালয়। এর সঙ্গে আ যোগ করে পূজার আলয়। আলয় শব্দের অর্থ আশ্রয়। আবার মহালয় বলতে বোঝা যায় পিতৃলোককে, যেখানে স্বর্গত পিতৃপুরুষদের অবস্হান। এই দিন হল তর্পণের দিন বা পিতৃপক্ষের শেষদিন। বাঙালী হিন্দুদের কাছে যে বিষয়টির জন্য মহালয়ার গুরুত্ব অপরিসীম সেটা হল, মহালয়ার ভোরে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কন্ঠে মহিষাসুরমর্দিনীর স্তোত্রপাঠ শোনা। এর মাধ্যমেই শুরু হয় বাঙালীর দুর্গাপূজা। এই একটি ঐতিহ্য বাঙালি আজও সমানভাবে বহন করে চলেছে। সেই অর্থে দুর্গাপুজোর আভাস মেলে এই 'মহিষাসুরমর্দিনী'-র বিশেষ বেতার অনুষ্ঠানের মাধ্যমেই। এইদিনে অনেকেই তাদের পূর্বপুরুষদের শ্রদ্ধা জানাতে বা তাঁদের স্মৃতির উদ্দেশ্যে গঙ্গায় বা অন্য নদীতে তর্পণ করেন অনেকে। পিন্ড দান বা শ্রাদ্ধের মতো আচার অনুষ্ঠান করা হয়। পূর্বপুরুষদের তৃপ্ত করার জন্য তিল, জল দান করা হয় এবং তাদের যাত্রাপথকে আলোকিত করার জন্য উল্কাদান করা হয়। সাধারণভাবে মৃত পূর্বপুরুষগণকে জলদান করাকেই তর্পণ বলা হয়। মহালয়া তর্পণের মধ্যে দিয়েই অবসান হয় পিতৃপক্ষের। আর, সামনে যেহেতু দুর্গাপুজো, তাই তারপর থেকেই বাঙালীর দেবীপক্ষ শুরু হয়। বর্তমানে বদলেছে বাঙালির জীবন। পছন্দ, ভালোলাগা মন্দলাগা। কিন্তু আজও এই একটি বিষয়ে বাঙালি ভীষণ প্রাচীনপন্থী। মহালয়ায় বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের ছাড় নেই। এব্যাপারে শহর এতটাই স্পর্শকাতর যে মহানায়ক উত্তমকুমারকেও পর্যন্ত রেয়াত করেনি। ইন্দিরা গান্ধির জরুরি অবস্থার সময় মহানায়ক এবং হেমন্ত মুখোপাধ্যায়ের ওপর দায়িত্ব বর্তেছিল এই অনুষ্ঠানের। বাঙালি মুখ ফিরিয়ে নিয়েছিল সেদিন। মহানায়কের বাড়িতে নাকি ঢিল ছোঁড়া হয়েছিল। অভিমানে-অপমানে আকাশবাণী ছেড়ে দেবেন বলে ঠিক করেছিলেন বীরেন্দ্র কৃষ্ণ। সুপারফ্লপ সেই সম্প্রচারণ শুনে বোধদয় হয়েছিল বেতার জগতের কর্মকর্তাদের। সসম্মানে ফের ফিরিয়ে আনা হয়েছিল বীরেন্দ্র কৃষ্ণকে। মহানায়ক নিজে বীরেনবাবুর বাড়ি গিয়ে ক্ষমা চেয়েছিলেন তাঁর কাছে। ১৯০৫ সালে আহিরিটোলায় কালীকৃষ্ণ ভদ্র-সরলাবালা দেবীর কোলে জন্মেছিলেন যে বীরেন, কে জানত একসময় তিনিই হয়ে উঠবেন মহালয়ার বঙ্গ জীবনের অঙ্গ!তবে মহালয়ার পক্ষের পনেরোটি তিথির নাম হল প্রতিপদ, দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী, সপ্তমী, অষ্টমী, নবমী, দশমী, একাদশী, দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দশী ও অমাবস্যা। হিন্দু বিশ্বাস অনুযায়ী, যে ব্যক্তি তর্পণে ইচ্ছুক হন, তাঁকে তাঁর পূর্বপুরুষের মৃত্যুর তিথিতে তর্পণ করতে হয়। এই কারনে রামায়নে অনুসারে ত্রেতা যুগে শ্রীরামচন্দ্র অসময়ে দেবী দূর্গার আরাধনা করেছিলেন লঙ্কা জয় করে সীতাকে উদ্ধার করার জন্য। শাস্ত্রমতে দুর্গাপুজো বসন্তকালে হওয়াই নিয়ম। শ্রীরামচন্দ্র অকালে দুর্গাপুজো করেছিলেন বলে একে অকাল বোধন বলা হয়। সনাতন ধর্মে কোনও শুভ কাজের আগে প্রয়াত পূর্বপুরুষের উদ্দেশ্যে অঞ্জলি

এরপর ৪ পাতায়



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৬৯ সংখ্যা ০২ অক্টোবর, ২০২৪ বুধবার ১৫ আশ্বিন, ১৪৩১

## সম্পাদকীয়

# বাংলায় আরও একটি নয়া তাপবিদ্যুৎ কেন্দ্রের অনুমোদন দিল রাজ্য সরকার

বাংলার বুকে এখন ছোট-বড় মিলিয়ে মোট ১৬টি তাপবিদ্যুৎ কেন্দ্র রয়েছে। সেই সব তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে দৈনিক প্রায় ১২ হাজার মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদিত হয়। এরপরেও এবার রাজ্যের ক্ষমতাসীন মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার বাংলার বুকে আরও একটি নতুন তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে।একইসঙ্গে রাজ্য সরকার চাইছে আগামী মার্চ মাসের মধ্যে সাগরদিঘী তাপবিদ্যুৎ কেন্দ্রে একটি নতুন ইউনিট চালু করে দিতে। নতুন ইউনিটের উৎপাদন ক্ষমতা হবে ৬৬০ মেগাওয়াট। এই নতুন ইউনিটের নির্মাণকাজ ৯৫ শতাংশ সম্পূর্ণ হয়ে গিয়েছে। এটি একটি সুপার ক্রিটিক্যাল বিদ্যুৎ উৎপাদন ইউনিট হবে। পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে এই প্রথম কোন সুপার ক্রিটিকাল বিদ্যুৎ উৎপাদন ইউনিট চালু হচ্ছে। ডিভিসি, এনটিপিসির মতো কেন্দ্রীয় সংস্থাগুলিরও পূর্বাঞ্চলে কোনও সুপার ক্রিটিক্যাল বিদ্যুৎ ইউনিট নেই। এই ধরনের অত্যাধুনিক প্রযুক্তির বিদ্যুৎকেন্দ্রে তুলনামূলক কম পরিমাণ কয়লা ব্যবহার করে বেশি বিদ্যুৎ পাওয়া যায়। রাজ্যে এখন ঢেউচা-পাঁচামির পাশাপাশি আরও বেশ কিছু কয়লাখনি থেকে কয়লা উত্তোলনের কাজ শুরু হতে চলেছে। তাই বাংলার বুকে নতুন করে তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠলে কয়লার জন্য বাংলাকে আর ভিন রাজ্য বা বিন দেশের মুখ চেয়ে বসে থাকতে হবে না। গতকাল অর্থাৎ সোমবার নবান্নে রাজ্য মন্ত্রিসভার যে বৈঠক হয় সেখানেই এই তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার বিষয়ে যে প্রস্তাব আনা হয়েছিল তা অনুমোদন পেয়েছে। ঠিক হয়েছে, দৈনিক ৮০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম ২টি ইউনিটের এই নতুন তাপবিদ্যুৎ কেন্দ্রটি গড়ে তোলা হবে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে। এর জন্য গ্লোবাল টেন্ডার ডাকা হবে। তবে প্রস্তাবিত বিদ্যুৎকেন্দ্রটি কোথায় তৈরি হবে, তা পরে ঠিক করা হবে। এই নতুন তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে উঠলে রাজ্যে আরও ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ অতিরিক্ত হারে পাওয়া যাবে। যে বেসরকারি সংস্থার সঙ্গে যৌথভাবে প্রকল্পটি রূপায়ণ করা হবে, তাদের সঙ্গে আলোচনা করেই স্থান ঠিক হবে। রাজ্যে এখন যে ১৬টি তাপবিদ্যুৎ কেন্দ্র রয়েছে তার মধ্যে মাত্র ৪টি তাপবিদ্যুৎ কেন্দ্র বেসরকারি মালিকানাধীন। এই ৪টিই এখন রয়েছে Calcutta Electric Supply Corporation বা CESC'র অধীনে। এই কেন্দ্রগুলির মধ্যে আছে হলদিয়া, টিটাগড় ও বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র। রাজ্যের সরকারি সংস্থা West Bengal Power Development Corporation Limited বা WBPDCL'র অধীনে রয়েছে ৬টি তাপবিদ্যুৎ কেন্দ্র। এগুলি হল - বক্রেশ্বর, কোলাঘাট, সাওঁতালডিহি, ডিপিএল, সাগরদিঘী ও ব্যান্ডেল। National Thermal Power Corporation বা NTPC'র তাপবিদ্যুৎ কেন্দ্র রয়েছে ফরাক্কায়। DVC'র তাপবিদ্যুৎ কেন্দ্র রয়েছে মেজিয়া, দুর্গাপুর স্টিল, দুর্গাপুর নন স্টিল এবং রঘুনাথপুর এলাকায়। তবে এই প্রথম বাংলার বুকে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে কোনও বিদ্যুৎকেন্দ্র তৈরি হতে চলেছে।

# সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই সময় কামাখ্যাকে অব্রাহ্মণ কিরাত জাতীয় উপাস্য দেবী মনে করা হত। নবম শতাব্দীতে ম্লেচ্ছ রাজবংশের বানমলবর্ম্মদেবের তেজপুর লিপিতে প্রথম কামাখ্যার শিলালিপি উল্লেখ পাওয়া যায়।সেই শিলালিপি থেকে প্রমাণিত হয় খ্রিস্টীয় অষ্টম থেকে নবম শতাব্দীতে সেখানে একটি বিশাল মন্দির ছিল। জনশ্রুতি অনুসারে সুলেমান কিরানির ১৫৬৬ থেকে ১৫৭২ খ্রিস্টাব্দ সেনাপতি কালাপাহাড় এই মন্দির ধ্বংস করেছিলেন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



আদ্যাস্তোত্রম্ সমাপ্তম্ ।।

আদ্যাপীঠের ভোগ

আদ্যাপীঠের ভোগে রয়েছে বিশেষ বৈশিষ্ট্য। দেবী আদ্যার জন্য সাড়ে ২২ সের চাল রান্না হয়। রাধাকৃষ্ণের জন্য সাড়ে ৩২সের চাল বরাদ্দ রয়েছে এবং রামকৃষ্ণ পরহংসদেবের ভোগ রান্না হয় সাড়ে ১২ সের চালে। সেই ভোগ পঞ্চব্যঞ্জনে নিবেদন করা হয়। এর সঙ্গে থাকে বিশেষ পরমান্ন ভোগ। অন্নদা ঠাকুর নির্দেশ দিয়েছিলেন, বৃহৎ ভোগ মন্দিরে যাবে না। মন্দিরের পাশে ভোগালয়ে তা সাজিয়ে দেওয়া হবে। সেখানেই নিবেদন করা হবে ভোগ। তাঁর নির্দেশ মতো শুধুমাত্র পরমান্ন ভোগ দেবীর কাছে যায় আজও। এছাড়া রাতে নিবেদন করা হয় ঘি এবং উৎকৃষ্ট চাল দিয়ে তৈরি অমৃতভোগ। বিশেষ ভোগের খাওয়ার নিয়ম আদ্যাপীঠের ভোগ খেতে চাইলে কুপন কাটতে হয়। যার মূল্য ৬০ টাকা, তবে অর্ধেক টিকিটও কাটা যায় ৩০ টাকা মূল্যের। রাত ৯ টা থেকে দুপুর ১২.৩০ পর্যন্ত কুপন কাটা যায়। সকাল ১১.৪৫ থেকে বেলা ১টা পর্যন্ত ভোগ দেওয়া হয়। তবে এই সময়টা নির্ভর করে ভক্তদের সংখ্যার উপর। কতক্ষণ খোলা থাকে আদ্যাপীঠ মন্দির?

ভোর ৪.৩০ থেকে ৫ টা, সকাল ১০.৩০ থেকে ১১ টা এবং সন্ধ্যা ৭ থেকে ৭.৩০ পর্যন্ত আদ্যা মায়ের মন্দির খোলা থাকে। কীভাবে যাবেন আদ্যাপীঠ?

শিয়ালদহ স্টেশন থেকে দক্ষিণেশ্বর স্টেশন নামতে হবে। এরপর অটো/ টোটো বা রিক্সা করে কিছুক্ষণ দূরত্বে মন্দিরে পৌঁছে যাবেন। এছাড়া বাস বা মেট্রো করেও দক্ষিণেশ্বর যেতে পারেন। এরপর একই ভাবে অটো/ টোটো বা রিক্সা করে আদ্যাপীঠ কালী মায়ের মন্দিরে পৌঁছাতে পারেন।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

২ পাতার পর

# মহালয়া মানেই দুর্গা পুজোর দিন গোনা শুরু

প্রদান করতে হয়। লঙ্কা বিজয়ের আগে এমনটাই করেছিলেন শ্রীরামচন্দ্র। সেই থেকে মহালয়ায় তর্পণ অনুষ্ঠানের প্রথা প্রচলিত।তবেই

মহাভারতে অন্য ব্যাখ্যা পাওয়া যায়। মহাভারত অনুযায়ী, মৃত্যুর পর কর্ণের আত্মা পরলোকে গমন করলে তাঁকে খাদ্য হিসেবে স্বর্ণ ও রত্ন দেওয়া হয়। দেবরাজ ইন্দ্রকে কর্ণ এর কারণ জিজ্ঞাসা করলে ইন্দ্র বলেন যে দানবীর কর্ণ সারা জীবন স্বর্ণ ও রত্ন দান করেছেন, কিন্তু প্রয়াত পিতৃগণের উদ্দেশ্যে কখনও খাদ্য বা পানীয় দান করেননি। তাই স্বর্গে খাদ্য হিসেবে তাঁকে সোনাই দেওয়া হয়েছে। তখন কর্ণ জানান, যেহেতু নিজের পিতৃপুরুষ সম্পর্কে তিনি অবহিত ছিলেন না, তাই ইচ্ছাকৃত ভাবেই পিতৃগণের উদ্দেশ্যে খাদ্য দান করেননি। এই কারণে কর্ণকে ১৬ দিনের জন্য মর্ত্যে ফিরে পিতৃলোকের উদ্দেশ্যে অন্ন ও জল প্রদান করার অনুমতি দেওয়া হয়। এই পক্ষই পিতৃপক্ষ নামে পরিচিত হয়।তাই আজ ভারত ভূমিতে কোটি কোটি মানুষ মহালয়ার পূণ্য প্রভাতে 'ময়া দত্তেন তোয়েন তৃপ্যান্ত ভুবনত্রয়ম, আব্রহ্ম স্তম্ভ পর্যন্তং তৃপ্যন্ত'- এই মন্ত্র উচ্চরণ করে তিন গন্ডুষ জল অঞ্জলি দিয়ে বিদেহী পিতৃপুরুষদের স্মরণ করে চলেছেন। গয়ায় মহালয়া উপলক্ষ্যে পিতৃপক্ষ জুড়ে মেলা চলে। এছাড়া মহালয়ার ভোরে চণ্ডীপাঠের রীতি রয়েছে। মহালয়ার দিন পিতৃপুরুষের শ্রাদ্ধ অনুষ্ঠিত হয়। অনেকে বারাণসী বা গয়ায় গিয়ে দ্বিপ্রহরে শ্রাদ্ধানুষ্ঠান সম্পন্ন করেন।

# আত্মপ্রকাশ হল মৃত্যুঞ্জয় সরদারের বিবেকানন্দের বেলুড়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তৃতীয় ও শেষ দফায় জম্মু-কাশ্মীরের ৪০ আসনে ভোট নেওয়া শুরু হয়েছে। মঙ্গলবার, ১ অক্টোবর সকাল সাতটায় ভোটগ্রহণ শুরু হয়, চলবে সন্ধ্যা ছটা পর্যন্ত। রাজ্যটির ৯০টি বিধানসভা আসনের মধ্যে ইতোমধ্যেই প্রথম দফায় ২৪টি আসনে ভোট নেওয়া হয়েছে, ভোট পড়েছিল ৬১.১৩ শতাংশ। দ্বিতীয় দফায় গত ২৫ সেপ্টেম্বর ২৬ আসনে ভোট নেওয়া হয়েছিল, ভোট পড়েছিল ৫৬ শতাংশ। মঙ্গলবার যে ৪০ বিধানসভার আসনে ভোট গ্রহণ চলছে, এর মধ্যে ২৪টি জম্মু ডিভিশনে অবস্থিত, বাকি ১৬টি রয়েছে কাশ্মীর ডিভিশনে। এ দফায় ৪১৫ জন প্রার্থীর ভাগ্য নির্ধারিত হবে। শেষ দফায় মোট ভোটারের সংখ্যা ৩৯ লাখ। সুষ্ঠভাবে ভোট গ্রহণ পরিচালনার জন্য মোট ৫০৬০টি ভোটগ্রহণ কেন্দ্র খোলা হয়েছে। ভোট অবাধ ও সুষ্ঠ করতে নির্বাচন কমিশনের তরফে যেরকম একাধিক ব্যবস্থা নেওয়া হয়েছে ঠিক তেমনি কোনরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে প্রশাসনের তরফেও সতর্ক দৃষ্টি রাখা হয়েছে। ভোটাররা যাতে বেশি সংখ্যায় ভোটকেন্দ্রে উপস্থিত হতে পারেন সেই ব্যবস্থা করতে ভোট গ্রহণ কেন্দ্রগুলিতে আঁটোসাঁটো নিরাপত্তা ব্যবস্থা করেছে জম্মু-কাশ্মীর প্রশাসন। ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি মোতায়েন রয়েছে জম্মু-কাশ্মীর সশস্ত্র পুলিশ এবং জম্মু-কাশ্মীর রাজ্য পুলিশ। এই নির্বাচনে মূলত ত্রিমুখী লড়াই হচ্ছে। একদিকে রাজ্যটির সাবেক ক্ষমতাসীন দল 'ন্যাশনাল কনফারেন্স' এবং কংগ্রেসের জোট প্রার্থীরা, অন্যদিকে নির্বাচনী ময়দানে রয়েছে বিজেপি ও রাজ্যটির আরেক সাবেক ক্ষমতাসীন দল 'পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট' (পিডিপি)- এর প্রার্থীরা। এছাড়াও রয়েছে আওয়ামী ইত্তেহাদ পার্টি, জামাত-ই-ইসলামী, পিপলস কনফারেন্স, আপনি পার্টি, ডেমোক্রেটিক প্রোগ্রেসিভ আজাদ পার্টি-এর মত কয়েকটি ছোট রাজনৈতিক দল। পাশাপাশি বেশ কিছু আসনে স্বতন্ত্র দলের প্রার্থীরা নির্বাচনে লড়াই করছে। শেষ দফায় হেভিওয়েট প্রার্থীদের মধ্যে রয়েছেন বিজেপির দেবেন্দর সিং রানা (নাগরোটা), কংগ্রেস প্রার্থী রামন ভাল্লা (আরএস পুরা), সিনিয়র কংগ্রেস নেতা ও সাবেক উপ মুখ্যমন্ত্রী তারা চাঁদ (ছাম্ব), পিপলস কনফারেন্স নেতা সাজ্জাদ লোন (হান্ডওয়ারা এবং কুপওয়ারা), সাবেক উপমুখ্যমন্ত্রী ও পিডিপি প্রার্থী মোজাফফর বেজ। ভোট শুরুর আগে ভোটারদের ভোট কেন্দ্রে আসার আহ্বান জানিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নিজের এক্স হ্যান্ডেলে লেখেন 'জম্মু ও কাশ্মীর বিধানসভা নির্বাচনে আজ তৃতীয় ও শেষ দফার ভোট। গণতন্ত্রের উৎসবকে সফল করতে সকল ভোটারদের এগিয়ে এসে ভোট দেওয়ার জন্য অনুরোধ করছি। আমি নিশ্চিত যে তরুণ বন্ধুরা যারা প্রথমবার ভোট দিতে যাচ্ছেন এছাড়াও নারী শক্তিও বিপুল সংখ্যক ভোটে অংশগ্রহণ করবে।' জম্মু ডিভিশনে যে ২৪টি আসনে ভোট চলছে সেগুলি মূলত জম্মু, সাম্বা, কাঠুয়া ও উধমপুর- এই চার হিন্দু অধ্যুষিত জেলায় অবস্থিত। এই কেন্দ্রগুলিতে বিজেপির যথেষ্ট প্রভাব রয়েছে। বিজেপির দাবি এইসব কেন্দ্রগুলিতে তারাই সহজ জয় পাবে। ২০১৯ সালের লোকসভা নির্বাচনেও এই কেন্দ্রগুলি থেকে ভালো সফলতা পেয়েছিল বিজেপি। ২৪ আসনের মধ্যে ২২ আসনে তারা এগিয়েছিল। অন্যদিকে কংগ্রেসের প্রত্যাশা এই অঞ্চলে তাদের হারানো জমি পুনরুদ্ধার করতে পারবে। চলমান বিধানসভা নির্বাচনের নির্বাচনী প্রচারণায় স্মার্ট ইলেকট্রিক মিটার প্রতিস্থাপন, সম্পত্তি কর আরোপ, এবং নিয়োগ পরীক্ষায় অনিয়মের অভিযোগের মতো স্থানীয় ইসুগুলো তারা উত্থাপন করে। এই ইস্যুগুলি ব্যাপকভাবে ভোটারদের মধ্যে প্রভাব ফেলেছে- করেছে, মনে করা হচ্ছে এই ভোটাররাই সেখানে রাজনৈতিক পালা বদলের পক্ষে। অন্যদিকে কাশ্মীর ডিভিশনের ১৬ টি বিধানসভা কেন্দ্র রয়েছে উত্তর কাশ্মীরের তিন জেলা- বন্দীপোরা, কুপওয়ারা ও বারামুল্লায়। প্রার্থীদের মধ্যে ইঞ্জিনিয়ার রশিদ এবং সাজ্জাদ লোন- এই দুজনের কেন্দ্রের দিকে নজর থাকবে সকলের। পিপলস কনফারেন্স নেতা সাজ্জাদ লোন (হান্ডওয়ারা এবং কুপওয়ারা) কেন্দ্র থেকে এবং ল্যাঙ্গেট কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন স্বতন্ত্র দলের প্রার্থী ইঞ্জিনিয়ার রশিদ। এই নির্বাচনে বিজেপির নির্বাচনী প্রচারণের ইসুগুলি ছিল ৩৭০ ধারা বিলোপ এবং বিচ্ছিন্নতাবাদীদের ধরপাকড় ইত্যাদি। এখন দেখার বিষয় এই ইসুগুলি সেখানকার ভোটারদের কিভাবে প্রভাবিত করে। আগামী ৫ অক্টোবর হরিয়ানায় বিধানসভা নির্বাচনের পর এক্সিট পোল সামনে আসবে। ভোট গণনা আগামী ৮ অক্টোবর। উল্লেখ্য শেষবার ২০১৪ সালে বিধানসভা নির্বাচন হয়েছিল জম্মু-কাশ্মীরে। ওই নির্বাচনে জোট সরকার গঠন করে বিজেপি ও 'পিপলস ডেমোক্রেটিক পার্টি' (পিডিপি)। যদিও ২০১৮ সালের ১৮ জুন জোট সরকার থেকে বেরিয়ে আসে মেহেবুবা মুফতির নেতৃত্বাধীন পিডিপি। সেই সময় থেকে সেখানে কেন্দ্রীয় শাসন চলছে। এরই মধ্যে ২০১৯ সালের ৫ আগস্ট জম্মু-কাশ্মীর থেকে ৩৭০ ও ৩৫এ অনুচ্ছেদ প্রত্যাহারের পর রাজ্যের মর্যাদা হারায়। সেইসাথে জম্মু-কাশ্মীর ও লাদাখ নামে দুইটি কেন্দ্রশাসিত অঞ্চল গঠনের সিদ্ধান্ত নেয় কেন্দ্রের মোদি সরকার। সেক্ষেত্রে একদিকে কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্ত অন্যদিকে গত ২০১৪ সালের পর এই প্রথম সেখানে বিধানসভার ভোট হচ্ছে।

# সিনেমার খবর

## নতুন বয়ফ্রেন্ডের ফোন ধরতে নারাজ অনন্যা!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কিছুদিন হলো ওয়ালকার ব্লাঙ্কোর সঙ্গে প্রেম শুরু করছেন বলিউড অভিনেত্রী অনন্যা পাণ্ডে। এর মধ্যেই সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়ল তাদের একটি ভিডিও।

যেখানে দেখা গেছে, একটি অনুষ্ঠানে বসে আছেন অনন্যা। টেবিলে রাখা তার ফোনটি হঠাৎই বেজে ওঠে। মোবাইল স্ক্রিনে দেখা যায় ওয়ালকার ব্লাঙ্কোর নাম। কিন্তু অনন্যা ফোনটি ধরলেন না। বরং, উল্টে রেখে দিলেন ফোনটি।

এই ভিডিও দেখেই নেটপাড়ার একাংশ বলছেন, হয়তো প্রেমের শুরুতেই অশান্তি ঘটেছে অনন্যা ও ওয়ালকারের মধ্যে। আবার অনেকে মনে করছেন, অনুষ্ঠানের মাঝে এমন ফোন আসায়, কিছুটা হলেও বিরক্ত চাঙ্কিকন্যা।

অনন্ত আম্বানির বিয়েতে গিয়ে নতুন প্রেমিক খুঁজে পেয়েছিলেন অভিনেত্রী অনন্যা পাণ্ডে। সূত্র বলছে, বিয়ের আনন্দের মাঝে অনন্যা ও তার নতুন প্রেমিক নাকি অন্তরঙ্গ সময়ও কাটিয়েছে হোটেলে।

শুধু তাই নয়, নতুন বয়ফ্রেন্ডকে অনন্যার এতটাই পছন্দ হয়েছে যে, তার নামে লকেটও বানিয়ে ফেলেছেন চাঙ্কি পাণ্ডে কন্যা। তবে এতদিন এই ভালোবাসার আগুন শুধুই ছিল অনন্যার মনে।

গুঞ্জন উঠেছে, এবার সেই প্রেমিকও নাকি অনন্যার প্রেমে হাবুডুবু খাচ্ছেন। আর সে কারণেই সোশাল মিডিয়ায় অনন্যার প্রতি প্রেমের ইস্তেহার লিখেছেন তিনি।

অনন্যার নতুন প্রেমিকের নাম ওয়ালকার ব্লাঙ্কো। পেশায় তিনি মডেল। তবে ওয়ালকারের রয়েছে অন্য আরও একটি পরিচয়।

তিনি রিলায়েন্সের একটি ফ্যাশন কোম্পানির প্রচার সামলান। অনন্যার সঙ্গে তার প্রথম আলাপ একটি বিজ্ঞাপনের শুটে গিয়েই। তবে সেবার নাকি তেমন জমেনি আলাপ। পুরো প্রেম কাণ্ড ঘটেছে অনন্ত আম্বানির বিয়েতেই।

হাতে ছবি থাকুক বা না থাকুক, আজকাল অনন্যা পাণ্ডে খবরে থাকেন সবসময়। আর অনন্যার খবর মানেই অভিনেতা আদিত্য রায় কাপুর প্রসঙ্গ তো আসবেই।

হ্যাঁ, গত দু'বছর ধরে আদিত্য ও অনন্যার প্রেম গুঞ্জন নিয়ে মত্ত ছিল বলিউড। তারপর হঠাৎই খবর অনন্যা ও আদিত্য নাকি ব্রেকআপ করেছেন! এ নিয়ে প্রকাশ্যে কিছু না বললেও দুজনেই পরোক্ষভাবে বুঝিয়ে দিয়েছেন, তাদের সম্পর্কে তিক্ততা এসেছে। এখন আর একসঙ্গে নেই।

## ইন্ডিগোর বিরুদ্ধে ক্ষোভ ঝাড়লেন দিভ্যা দত্ত






**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী দিভ্যা দত্ত ইন্ডিগো এয়ারলাইন্সের বিরুদ্ধে অভিযোগ করেছেন যে, তিনি একটি বাতিল ফ্লাইটে চেক ইন করে কোনো ধরনের বিজ্ঞপ্তি পাননি। দিভ্যা জানিয়েছেন, বিমানবন্দরে পৌঁছানোর পরই তিনি ফ্লাইট বাতিলের খবর জানতে পারেন।

২৬ সেপ্টেম্বর সকালে দিভ্যা সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে একটি ভিডিও শেয়ার করেছেন, যা মুম্বাই বিমানবন্দর থেকে ধারণ করা হয়েছে। ভিডিওতে দেখা যায়, ফ্লাইটের গেটটি জনশূন্য। দিভ্যা বলেছেন, ধন্যবাদ ইন্ডিগো এ সাত সকালে একটি অত্যন্ত ভয়াবহ অভিজ্ঞতার মধ্যে ফেলল! বাতিল ফ্লাইটের কোনো নোটিফিকেশন নেই... অথচ আমি বাতিল ফ্লাইটে চেক ইন করেছিলাম। ফ্লাইটের ঘোষণা গেটের কাছে প্রতিফলিত হচ্ছে!

তিনি উল্লেখ করেন, গেটে কোনো বিমানবন্দর কর্মী ছিল না এবং সেখানে তিনি অনেক ভোগান্তি মুখোমুখি হয়েছেন। দিভ্যা লেখেন, গেট থেকে বের হওয়ার জন্য কোনো কর্মী নেই! ইন্ডিগো এয়ারওয়েজ-এর কোনো স্টাফ ছিল না... যাত্রীদের প্রতি এমন ভাবলেশহীন মনোভাব! আমার শুটিংও ক্যান্সেল হয়ে গেল, আমি ওদের সার্ভিসে অত্যন্ত হতাশ।

ইনস্টাগ্রাম পোস্টে দিভ্যার এমন খারাপ অভিজ্ঞতার প্রতি সমর্থন জানিয়ে অনেক ব্যবহারকারী। মন্তব্যের ঘরে একজন ব্যবহারকারী লেখেন, এটা টুইটারে পোস্ট করুন, তারা দ্রুত প্রতিক্রিয়া জানাবে। তাদেরকে অবশ্যই উচিত আপনার কাছে ক্ষমা চাওয়া। আরেকজন বলেছেন, এটাই তাদের আসল আচরণ। এই বুঝি তাদের গ্রাহক সেবার নমুনা? মুম্বাই বুধবার সন্ধ্যা থেকে বৃহস্পতিবারের ভোর পর্যন্ত প্রবল বৃষ্টির কবলে পড়ে। ফলে অনেক ফ্লাইট বিলম্বিত বা বাতিল হয়েছে। তবে, দিভ্যা এবং অন্যান্য মন্তব্যকারীরা বলছেন, এয়ারলাইন্সগুলো যাত্রীদের ফ্লাইট বাতিলের বিষয়ে আগাম কোন তথ্য জানায়নি। ফলে বিমানবন্দরে এসে অনেক যাত্রীই ভোগান্তিতে পড়েছেন।

## মা হওয়ার ২ মাস পর বেবি বাম্প প্রকাশ্যে আনলেন রিচা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী রিচা চাড্ডা মা হয়েছেন দুই মাসেরও বেশি হয়েছে। তিনি ২৩ সেপ্টেম্বর ইনস্টাগ্রামে তার মাতৃত্বকালীন সময়ের কিছু অদেখা ছবি ভক্তদের সঙ্গে শেয়ার করেছেন। শেয়ার করে পোস্টে এ অভিনেত্রী তার ছোট্ট মেয়ের জন্য একটি বিশেষ বার্তাও দিয়েছেন।

রিচা এবার প্রথমবারের মতো ভারতের কন্যা দিবসটি পালন করেছেন। কারণ তিনি এই প্রথমবার মা হয়েছেন, তার ঘরে এসেছে ফুটফুটে এক কন্যা সন্তান। এই বিশেষ দিনটিকে আরও বিশেষ করে তুলতে রিচা তার মাতৃত্বকালীন সময়ের কিছু অদেখা ছবি প্রকাশ্যে এনেছেন। ছবিগুলো শেয়ার করে অভিনেত্রী জানান, তিনি একদিন তার ছোট্ট মেয়ের সঙ্গে এ ছবিগুলো দেখার জন্য অপেক্ষায় আছেন।

রিচার প্রকাশ করা ছবিতে দেখা গেছে, শাড়ি পরে গর্বের সঙ্গে বেবি বাম্প প্রদর্শন করছেন এ অভিনেত্রী। ছবি প্রকাশ করার সময় তিনি মন্তব্যের ঘর বন্ধ করে দিয়েছেন। রিচা ছবি শেয়ার করে পোস্টে লেখেন, মায়া অ্যাঞ্জেলো বলেছিলেন, আমার মা আমার চারপাশে তার সুরক্ষা, তার ভালোবাসা ছড়িয়ে দিয়েছিলেন। তাই আমাকে না জেনেই আমার চারপাশের লোকজন বুঝতে পেরেছিলেন যে আমার মূল্য আছে।' তোমার সবসময়ই মূল্য থাকবে, আমার ছোট্ট মেয়ে।

রিচা এ ফটোশুটের পেছনে যে গল্প রয়েছে সে কথা বর্ণনা করে আরও লেখেন, এ ছবিগুলো আমার গর্ভাবস্থার ৯ মাসে তোলা হয়েছিল। আমার শরীরে পবিত্র জ্যামিতির চিহ্নগুলো অবন্তিকা এঁকে দিয়েছিলেন। আমার নাভিতে জীবনের ফুল, আর আমার বুকে স্বর্গীয় নারীত্বের প্রতীক। সেই সময় আমি জানতাম না যে আমার একটা ফুটফুটে কন্যা সন্তান হবে।

রিচা তার পোস্টে নারীদের 'মহাবিশ্বের পবিত্র পাত্রী' হিসেবে অভিহিত করেছেন। এ প্রসঙ্গে তিনি লেখেন, হ্যাপি ডস্টার্স ডে লিটল গার্ল। আমরা একদিন এ ছবিগুলো একসঙ্গে দেখব, যেখানে তুমি ভিতর থেকে পোজ দিয়েছিলে। এটা শুধু আমাদের জন্য, যেটা বাইরের লোকজন দেখতে পাবে কিন্তু তা নিয়ে কথা বলতে পারবে না।

রিচা গত ১৬ জুলাই কন্যা সন্তানের মা হয়েছেন। সে রিচা ও তার স্বামী অভিনেতা আলি ফজল যৌথভাবে সোশ্যাল মিডিয়ায় জানিয়েছিলেন, 'আমরা আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে ১৬.০৭.২৪ এ আমাদের একটি সুস্থ কন্যা সন্তান পৃথিবীতে এসেছে! আমাদের পরিবারের সবাই এতে ভীষণ আনন্দিত।

আমাদের শুভাকাঙ্ক্ষীদের ভালোবাসা এবং আশীর্বাদ জানানো জন্য ধন্যবাদ জানাই!' রিচা তার বেবি বাম্পের এ ছবি প্রকাশের পর তুমুল আলোচনা ও সমালোচনার মধ্যে পড়েছেন।

## প্রাক্তনের মুখোমুখি শ্রদ্ধা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একটা সময় শ্রদ্ধা কাপুর ও আদিত্য রায় কাপুরের প্রেম নিয়ে সরগরম ছিল বলিউড। 'আশিকি ২' মুক্তি পাওয়ার পরে তাদের নিয়ে হয়েছিল অনেক আলোচনা। শোনা গিয়েছিল শ্রদ্ধা এবং আদিত্য নাকি চুটিয়ে প্রেম করছেন। যদিও নিজেদের সম্পর্কের কথা কোনো দিনই প্রকাশ্যে স্বীকার করেননি তারা।

শোনা যায়, নীরবে তাদের প্রেম যেমন হয়েছিল তেমনই নীরবেই ভেঙে যায় তাদের সম্পর্ক। সম্প্রতি মুম্বাইয়ের একটি ইভেন্টে 'আশিকি ২' জুটি একফ্রেমে ধরা দিলেন। শুধু তাই নয়, দেখা হওয়ার পর প্রাক্তন প্রেমিকা শ্রদ্ধাকে জড়িয়ে ধরেন আদিত্য রায় কাপুর। কালো শাড়িতে দেখা গেছে শ্রদ্ধাকে। ফটোগ্রাফারদের দিকে তাকিয়ে হাসছিলেন তিনি। আদিত্যকে দেখে শ্রদ্ধা ঘুরে দাঁড়িয়ে হেসে ফেলেন। এরপর পরস্পরকে জড়িয়ে ধরেন।

বলিউডের সবচেয়ে প্রশংসিত জুটিগুলোর একটি শ্রদ্ধা-আদিত্যর জুটি। তাই শ্রদ্ধাকে আদিত্যর জড়িয়ে ধরার ভিডিওটি ইনস্টাগ্রামের প্রকাশ হয়ার পর থেকেই ভাইরাল। ভক্তরা দুজনকে একসঙ্গে দেখে দারুণ খুশি। সম্প্রতি 'স্ত্রী ২'-এর সাফল্যে শ্রদ্ধার জয়জয়কার।

## অভিষেকের নতুন সংসার!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অভিষেক বচ্চন আর ঐশ্বরিয়া রাইয়ের বিচ্ছেদের খবরের মধ্যেই নতুন আরেকটি খবরে বলিউডপাড়া সরব হয়েছে। স্ত্রী ও মেয়ে আরাধ্যাকে নিয়ে নতুন সংসার পাততে চলেছেন অভিষেক বচ্চন। অবশেষে বচ্চন পরিবার থেকে আলাদা হতে চলেছেন তিনি।

সম্প্রতি দুবাই বিমানবন্দরে অ্যাশের আঙুলে বিয়ের আংটি দেখা যায়নি। আবার অনন্ত আম্বানি ও রাধিকা মার্চেন্টের বিয়ের অনুষ্ঠানেও বচ্চন পরিবারের সঙ্গে ঐশ্বরিয়া ও আরাধ্যাকে দেখা যায়নি। তাই তাদের বিবাহবিচ্ছেদের খবর আরও জোরদার হয়ে ওঠে। পরে অভিষেক বলেছিলেন, তাদের বিবাহবিচ্ছেদের খবর গুঞ্জনমাত্র।

ভারতীয় গণমাধ্যম বলছে, জুনিয়র বচ্চন এবার জলসা ছাড়তে চলেছেন। মুম্বাইয়ের জুহু এলাকায় এক নতুন অ্যাপার্টমেন্ট কিনেছেন অভিষেক বচ্চন। আর তিনি নাকি তল্পিতল্পা গুটিয়ে এখন তার নতুন বাসায় থাকতে চলেছেন। স্ত্রী ঐশ্বরিয়া আর মেয়ে আরাধ্যাকে নিয়ে নতুন এই ফ্ল্যাটে অভিষেক থাকবেন। অ্যাপার্টমেন্টটি অমিতাভ বচ্চনের বাংলো জলসার খুব কাছেই।

২০০৭ সালে অভিষেক ও ঐশ্বরিয়া বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছিলেন। বিয়ের চার বছর পর ঐশ্বরিয়ার কোল জুড়ে আসে মেয়ে আরাধ্যা। বেশ কিছু মাস ধরে বচ্চন পরিবারের সঙ্গে ঐশ্বরিয়ার মনোমালিন্যের খবরে মুখর বলিউডপাড়া।

## ইনজুরিতে
# মাঠের বাইরে রদ্রি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** হাঁটুর লিগামেন্টের চোটে মাঠের বাইরে ছিটকে গেলেন রদ্রি। এক বিবৃতিতে বিষয়টি জানিয়েছে স্প্যানিশ মিডফিল্ডারের ক্লাব ম্যানচেস্টার সিটি।

গত রবিবার আর্সেনালের বিপক্ষে খেলার সময় ইনজুরিতে পড়েন রদ্রি। ২১তম মিনিটে কর্নার অঞ্চলে আর্সেনালের থমাস পার্টের সঙ্গে সংঘর্ষ হয় তার। এরপর তাকে মাঠ থেকে তুলে নেওয়া হয়। তার সর্বশেষ অবস্থা জানালো সিটি। তবে কবে নাগাদ তিনি সুস্থ হয়ে ফিরবেন, সে ব্যাপারে এখনও কোনো বক্তব্য দেয়নি সিটিজেনরা।

তবে কারাবো কাপে ওয়াটফোর্ডকে হারানোর পর সিটি বস পেপ গার্দিওলা জানান, দীর্ঘ সময়ের জন্যই ছিটকে গেছেন রদ্রি।

ম্যানচেস্টারে প্রাথমিক চিকিৎসা নেওয়ার পর বিশেষজ্ঞের পরামর্শ নিতে নিজ দেশ স্পেনে গেছেন রদ্রি। ২৮ বছর বয়সী মিডফিল্ডারকে হারানোর হতাশা লুকিয়ে রাখেননি গার্দিওলা। এই কাতালান কোচ জানিয়ে দিয়েছেন, রদ্রির কোনো বিকল্প নেই।

সিটি এখন পর্যন্ত প্রিমিয়ার লিগে টানা ৪৮ ম্যাচে অপরাজিত রয়েছে, যার প্রতিটিতেই খেলেছেন রদ্রি। গত মৌসুমে মোট ৫টি ম্যাচ মিস করেছিলেন তিনি। যার মধ্যে ৪টিতেই হেরেছে সিটি। এরপর সব প্রতিযোগিতা মিলিয়ে রদ্রি খেলেছেন, এমন ৫০টি ম্যাচের মধ্যে মাত্র ১টিতে হেরেছে তার দল।

# ডেভিস কাপে খেলবেন নাদাল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চোটের কারণে রাফায়েল নাদাল বেশ কিছু টুর্নামেন্ট থেকেই নিজের নাম প্রত্যাহার করে নিয়েছেন। তবে ১৯ নভেম্বর থেকে শুরু হতে যাওয়া ডেভিস কাপে স্প্যানিশ কিংবদন্তি খেলবেন বলে জানা গেছে। তাকে রেখেই দল ঘোষণা করেছে স্পেন।

২২ গ্র্যান্ড স্লামজয়ীর খেলার বিষয়টি নিশ্চিত করেছে আয়োজক কর্তৃপক্ষ।

সবশেষ প্যারিস অলিম্পিকে খেলেছেন নাদাল। এককে অবশ্য নয়, দ্বৈতে। জুটি বেঁধেছিলেন সময়ের অন্যতম সেরা স্বদেশি কার্লোস আলকারাসের সঙ্গে। এরপর চোটের কারণে নাম প্রত্যাহার করে নিয়েছেন বছরের শেষ গ্র্যান্ড স্লাম ইউএস ওপেন থেকে।

শরীর সায় দিচ্ছে না বলে পরে লেভার কাপ থেকেও সরে দাঁড়ান নাদাল। ৩৮ বছর বয়সী তারকার বাকি সতীর্থ হচ্ছেন-আলকারাস, রবার্তো বাউতিস্তা অগাৎ, পাবলো কারেনো বুস্তা এবং মার্সেল গ্র্যানোলার্স। টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনালে স্পেনের প্রতিপক্ষ নেদারল্যান্ডস। ২৪ নভেম্বর ফাইনাল দিয়ে টুর্নামেন্টটি শেষ হবে।

# 'আড়াই' দিনের টেস্টেও বাংলাদেশের লজ্জার হার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কানপুরে দুই ম্যাচ টেস্ট সিরিজের শেষটিতে বাংলাদেশকে ৭ উইকেটে হারিয়েছে ভারত। প্রথম ইনিংসে ২৩৩ রানে অলআউট হয় সফরকারীরা। ভারত নিজেদের প্রথম ইনিংসে ৯ উইকেটে ২৮৫ রান করে ইনিংস ঘোষণা করে। দ্বিতীয় ইনিংসে ১৪৬ রানে অলআউট হয়ে যায় বাংলাদেশ। ৯৫ রানের লক্ষ্য তাড়া করতে নেমে তেমন একটা বেগ পেতে হয়নি ভারতকে। শেষদিনের শুরুটা চাপ নিয়েই করে বাংলাদেশ। আগের দিন দুই উইকেট হারিয়ে ফেলেছিল। এদিন অন্তত দুই সেশন খেলতে না পারলে যে হার চোখ রাঙাবে, তাও জানা ছিল। এমন সমীকরণ মাথায় নিয়ে শুরুটা অবশ্য তত ভালো হয়নি। আগের ইনিংসের সেঞ্চুরিয়ান মুমিনুল হক ফেরেন দ্রুতই। সেঞ্চুরির সময়ে সুইপটা খুব ভালো করছিলেন মুমিনুল। এবারও করতে গিয়েছিলেন তেমন কিছুই। কিন্তু রবীচন্দ্রন অশ্বিন লেগ স্লিপটা রাখেন তার জন্য। ওখানেই ক্যাচ দিয়ে সাজঘরে ফেরেন মুমিনুল। ৮ বল খেলে ২ রান করেছিলেন তিনি। তার বিদায়ের পর বাংলাদেশকে আশা দেখান নাজমুল হোসেন শান্ত ও সাদমান ইসলাম। তাদের জুটিতে ভর করে পরের এক ঘণ্টা স্বাচ্ছন্দ্যেই পার করে বাংলাদেশ। এর মধ্যেই প্রথম ওপেনার হিসেবে ভারতের মাটিতে টেস্টে হাফ সেঞ্চুরি পান সাদমান। ঝামেলার শুরুটা হয় নাজমুল হোসেন শান্তকে দিয়ে। রবীন্দ্র জাদেজার প্রথম ওভারের দ্বিতীয় বলেই রিভার্স সুইপ করতে গিয়ে বোল্ড হয়ে যান তিনি। ৩৭ বলে ১৯ রান করে আউট হয়ে যান শান্ত। তার সঙ্গে সাদমানের জুটি ছিল ৫৫ রানের। শান্ত আউট হওয়ার পর তিন রান করতে আরও তিনটি উইকেট হারায় বাংলাদেশ। আকাশ দীপের বলে শট খেলতে গিয়ে জাসওয়ালের হাতে ক্যাচ দেন সাদমান। রেকর্ড হাফ সেঞ্চুরির পর আর এক রানও যোগ করতে পারেননি তিনি। ১০১ বলে ৫০ রান করেন সাদমান। এরপর উইকেটে দুই নতুন ব্যাটার মুশফিকুর রহিম ও লিটন দাস। তাদের মধ্যে লিটন উইকেটে থাকেননি বেশিক্ষণ। জাদেজার করা ওভারের প্রথম পাঁচটি বলের চারটিই ছেড়ে দেন তিনি। শেষ বলটিও ছাড়তেই চেয়েছিলেন, কিন্তু লিটনের গ্লাভসে লেগে বল যায় পন্তের হাতে। ব্যাট হাতে সুবিধা করতে পারেননি সাকিব আল হাসানও। জাদেজার বলে তার হাতেই ক্যাচ দিয়ে দুই বলে শূন্য রানে সাজঘরে ফেরত যান সাকিব। ৪ রান করতেই তিন উইকেট হারিয়ে হারের ভয়ে ভালোভাবেই পড়ে যায় বাংলাদেশ। সেটি যেন আরও একটু নিশ্চিত হয়ে যায় মধ্যাহ্নভোজের বিরতির আগেই। জাসপ্রিত বুমরাহর দুর্দান্ত এক ডেলেভারি মিরাজের ব্যাট ছুঁয়ে আশ্রয় নেয় পন্তের হাতে। তার বিদায়ের পর বাংলাদেশের অলআউট হওয়াটা ছিল স্রেফ সময়ের ব্যাপার। সেটি হতে খুব বেশি সময় লাগেনি। মধ্যাহ্নভোজের বিরতিতে যাওয়ার আগেই অলআউট হয়ে গেছে বাংলাদেশ। সেশনের একদম শেষ বলে বুমরাকে বড় শট খেলতে গিয়ে আউট হয়েছেন মুশফিক। তাতে ১৪৬ রানেই অলআউট হয়ে যায় বাংলাদেশ। ভারতের হয়ে তিন উইকেট নেন অশ্বিন, জাদেজা ও বুমরাহ। তাদের সামনে লক্ষ্য দাঁড়ায় স্রেফ ৯৫ রানের। এটি তাড়া করতে গিয়ে ভারতও অবশ্য উইকেট হারিয়েছে। কিন্তু লক্ষ্য কম থাকায় তেমন চাপে পড়েনি তারা। প্রথম ইনিংসের মতো এবারও ঝড়ো শুরুই করতে চেয়েছিল ভারত। কিন্তু মিরাজকে উড়িয়ে মারতে গিয়ে লং লেগে হাসান মাহমুদকে ক্যাচ দেন ৮ বলে ৭ রান করা রোহিত।

তার বিদায়ের পর শুভমান গিলকেও ফেরায় বাংলাদেশ। ৬ রান করে মেহেদী হাসান মিরাজের বলে এলবিডব্লিউ হয়ে সাজঘরে ফেরত যান তিনি। এরপর বিরাট কোহলিকে সঙ্গে নিয়ে জয়ের দ্বারপ্রান্তে পৌঁছে দেন যশস্বী জয়সওয়াল। কিন্তু হাফ সেঞ্চুরি তোলার পর জয় থেকে তিন রান দূরে থাকতে আউট হন তিনি। তাইজুলকে তুলে মারতে গিয়ে ক্যাচ দেন সাকিবের হাতে। সেই তাইজুলের বলেই চার মেরে ভারতের জয় নিশ্চিত করেন পন্ত।

# লেভানডফস্কির গোলে টানা সাত জয় বার্সার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** চ্যাম্পিয়ন্স লিগে এএস মোনাকোর বিপক্ষে হারলেও লা লিগায় নিজেদের অপ্রতিরোধ্য অগ্রযাত্রা অব্যাহত রেখেছে বার্সেলোনা। বুধবার রাতে গেতাফের বিপক্ষে পাওয়া জয়ে টানা সাত ম্যাচে পূর্ণ ৩ পয়েন্ট নিয়ে মাঠ ছাড়লেন হ্যান্সি ফ্লিকের শিষ্যরা।

স্প্যানিশ লা লিগার ম্যাচে বুধবার রাতে ১-০ গোলে জিতেছে বার্সেলোনা। ২০১৭ সালের পর এই প্রথম লিগের প্রথম সাত ম্যাচেই জিতল তারা। দলের হয়ে একমাত্র গোলটি করেন রবার্ট লেভানডফস্কি। এ জয়ের ফলে ২১ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষে বার্সা। দ্বিতীয় স্থানে থাকা রিয়াল মাদ্রিদের চেয়ে তাদের এগিয়ে থাকার ব্যবধান ৪ পয়েন্ট। অন্যদিকে ৪ পয়েন্ট নিয়ে তলানি থেকে দ্বিতীয় স্থানে রয়েছে গেতাফে।

এদিন খেলার প্রথমার্ধের ১৯ মিনিটে গেতাফে গোলরক্ষক ডেভিড সোরিয়ার ভুলের সুযোগ কাজে লাগিয়ে দলকে এগিয়ে দেন লেভানডস্কি। জুলস কুন্ডের ক্রস ধরতে ভুল করেন সোরিয়া, আর সে সুযোগে বল জালে জড়িয়ে মৌসুমে নিজের সপ্তম গোল করেন এ পোলিশ তারকা।

এরপর প্রায় ৮০ শতাংশ বল দখলে রেখে ম্যাচে ১৬ শট নেয় বার্সেলোনা। তবে সুযোগ কাজে লাগাতে না পারায় বড় ব্যবধানে জয় থেকে বঞ্চিত হয় তারা। ম্যাচ শেষে কুন্ডে বলেন, 'আমরা ভালো এবং নিয়ন্ত্রিত ফুটবল খেলেছি, আরও গোল করতে পারতাম। কিন্তু সব সময় বড় ব্যবধানে জেতা সম্ভব হয় না।'

## অবসর ভেঙে
# বার্সায় ফিরলেন শেজনি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লা লিগায় গেতাফের বিপক্ষে চোট পেয়ে অন্তত ৫ মাসের জন্য মাঠের বাইরে চলে গেছেন বার্সা গোলরক্ষক আন্দ্রে টের স্টেগেন। তাই নতুন গোলকিপারের খোঁজে ছিল বার্সা। এমন সময় স্টেগেনের বিকল্প হিসেবে অবসর থেকে ফিরে এসে বার্সেলোনাতে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিলেন পোল্যান্ডের সাবেক গোলরক্ষক ভোইচেখ শেজনি।

শেজনি গত আগস্টে অবসর নিয়েছিলেন। অবসর নেওয়ার আগ পর্যন্ত তিনি জুভেন্টাসের হয়ে খেলতেন। এবার অবসর ভেঙেই ফিরলেন তিনি। শেজনির বার্সেলোনার যোগ দেওয়ার বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে নিশ্চিত করেছেন দলবদল বিষয়ক ইতালিয়ান সাংবাদিক ফ্যাব্রিজিও রোমানো।

সেখানে তিনি বলেছেন, 'ভোইচেক শেজনি বার্সেলোনায় যাচ্ছেন, সেটা নিশ্চিত। পোলিশ এই গোলরক্ষককে ফ্রি এজেন্ট হিসেবে পাচ্ছে বার্সেলোনা। তাকে দলে ভেড়ানোর জন্য চুক্তিও সম্পন্ন হয়েছে। শেজনি অবসর ভেঙে বার্সেলোনার সঙ্গে এক বছরের চুক্তিতে সই করবেন। চুক্তির সময়টাতে তিনি চোটাক্রান্ত টের স্টেগেনের পরিবর্তে খেলবেন।'

আগামী কয়েক দিনের মধ্যে স্পেনে তার মেডিক্যাল পরীক্ষা অনুষ্ঠিত হবে বলেও জানিয়েছেন এই ক্রীড়া সাংবাদিক।

শেজনিকে বার্সেলোনা বাকি মৌসুমের জন্য প্রায় ৩ মিলিয়ন ইউরো বেতন দেওয়ার প্রস্তাব দিয়েছে। নিয়ম অনুযায়ী চোটগ্রস্ত কোনো খেলোয়াড়ের পরিবর্তে কাউকে নিলে তাকে ওই খেলোয়াড়ের ৮০ ভাগ বেতন দিতে হয়। সেটাই দেওয়া হবে বলে জানা গেছে।

## টি-টোয়েন্টি থেকে অবসরে সাকিব,
# অচিরেই টেস্টও ছাড়ছেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের আগে ২০ ওভারের ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিলেন সাকিব আল হাসান। ঘরের মাঠে সাউথ আফ্রিকার বিপক্ষে মিরপুর টেস্ট দিয়ে সাদা পোশাকের ক্রিকেটও ছাড়বেন তিনি।

কানপুর টেস্টের আগে সংবাদ সম্মেলনে এসে বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশের সাবেক অধিনায়ক।

সাকিব আল হাসান বলেছেন, 'টি-টোয়েন্টির শেষ ম্যাচ খেলে ফেলেছি। দক্ষিণ আফ্রিকার বিপক্ষে মিরপুর টেস্টের পর টেস্ট ক্রিকেট থেকে অবসরে যেতে চাই।'

আজ সাকিবকে আগামী অক্টোবরে ঘরের মাঠে দক্ষিণ আফ্রিকা টেস্টের খেলা নিয়ে প্রশ্ন করা হয়। সেই প্রশ্নের উত্তরে টেস্ট ক্রিকেটকে বিদায় জানানোর কথা বলেন সাকিব, 'দেখুন, এখন পর্যন্ত আমি তো এভেলেবল। দেশে যেহেতু অনেক পরিস্থিতি আছে, সবকিছু অবশ্যই আমার ওপরে না। আমি বিসিবির সঙ্গে এসব নিয়ে আলোচনা করেছি। তাদেরকে বলা হয়েছে আমার কি পরিকল্পনা। এই সিরিজ আর হোম সিরিজটা আমি ফিল করেছিলাম আমার শেষ সিরিজ হবে, টেস্ট ক্রিকেটে স্পেশালি।'

এ নিয়ে এর মধ্যে বোর্ড সভাপতি ফারুক আহমেদের সঙ্গে কথা হয়েছে বলে জানিয়ে সাকিব যোগ করেন, 'এভাবেই ফারুক ভাইয়ের সঙ্গে ও নির্বাচকদের সঙ্গে আমার কথা হয়েছে। যদি সুযোগ থাকে, আমি যদি দেশে যাই, খেলতে পারি, তাহলে মিরপুর টেস্ট হবে আমার জন্য শেষ। সেই কথাটা বোর্ডের সবার সঙ্গে বলা হয়েছে। তাঁরা চেষ্টা করছেন কিভাবে সুন্দর ভাবে আয়োজন করা যায়।'

দেশে ফেরার আগে নিরাপত্তার ঝুঁকির বিষয়টিও মাথায় আছে সাকিবের, 'আমি যেন গিয়ে খেলতে পারি এবং নিরাপদ অনুভব করি। যখন দেশের বাইরে আসার দরকার হবে, দেশের বাইরে আসতেও যেন আমার কোন সমস্যা না হয়। বোর্ড খেয়াল করছে। বিষয়গুলোর সঙ্গে যারা জড়িত তারা দেখছেন। তারা হয়তো আমাকে একটা সিদ্ধান্ত দেবে, যেটার ভিত্তিতে আমি দেশে গিয়ে খুব ভালোভাবে খেলে অন্তত টেস্ট ফরম্যাটটা ছাড়তে পারব।'

## নেইমারক নিয়ে
### দুঃসবাদ দিলেন হিলাল কোচ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত বছর অক্টোবরে বিশ্বকাপ উরুগুয়ের বিপক্ষে বিশ্বকাপ বাছাই পর্বের ম্যাচে মারাত্মক চোট পান নেইমার। তখন থেকেই মাঠের বাইরেই আছেন এই ব্রাজিলিয়ান সুপারস্টার। গত জুলাইয়ে অনুশীলনে ফেরেন নেইমার। তখন থেকেই তার প্রত্যাবর্তনের অপেক্ষায় ফুটবল সমর্থকরা। গত মাসে আল হিলালের কোচ জর্জে জেসুস শুনিয়েছিলেন আশা জাগানিয়া কথা। কিন্তু এবার জানালেন, সহসাই মাঠে ফেরা হচ্ছে না নেইমারের।

গত জুলাইয়ে অনুশীলনে ফেরেন নেইমার। সেই থেকে তার খেলায় ফেরা নিয়ে জাগে সম্ভাবনা। চলতি মাসে এই ফুটবলারকে পাওয়ার আশার কথা অগাস্টে শুনিয়েছিলেন আল হিলাল কোচ জেসুস। কিন্তু সম্প্রতি এক সংবাদ সম্মেলনে তিনি উড়িয়ে দিলেন সেই সম্ভাবনা।

তিনি বলেন, 'আল হিলাল ও লিগের জন্য নেইমার একজন গুরুত্বপূর্ণ খেলোয়াড়। সে কবে ফিরবে, সে বিষয়ে আমি নির্দিষ্ট করে কিছু বলতে পারছি না, তবে আমরা জানুয়ারিতে তার অবস্থা দেখব।'

সউদী প্রো লিগের দ্বিতীয়ভাগের জন্য আগামী জানুয়ারিতে নেইমারকে নিবন্ধন করতে পারে আল হিলাল। ২০২৫ সালের অগাস্ট পর্যন্ত নেইমারের সঙ্গে চুক্তি রয়েছে আল হিলালের।

## পাকিস্তানের নির্বাচক পদ থেকে
### পদত্যাগ করলেন ইউসুফ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পাকিস্তান ক্রিকেট দলের নির্বাচক পদ ছাড়লেন মোহাম্মদ ইউসুফ। আজ পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি) ও ইউসুফের পক্ষ থেকে পদত্যাগের খবর নিশ্চিত করা হয়েছে।

নির্বাচক পদ ছাড়ার পেছনে ব্যক্তিগত কারণ দেখিয়েছেন ইউসুফ। আর পিসিবি বলেছে, বোর্ডের সঙ্গে অন্য ভূমিকায় কাজ চালিয়ে যাবেন তিনি।

ইউসুফ সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে লিখেছেন, ব্যক্তিগত কারণে পাকিস্তান ক্রিকেট দলের নির্বাচক পদ থেকে পদত্যাগ ঘোষণা করছি। এই দলের সেবা করতে পারা আমার জন্য অনেক সৌভাগ্যের। পাকিস্তান ক্রিকেটের উন্নতি ও সফলতায় অবদান রাখতে পেরে আমি গর্বিত।

স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR